

রইল বলে রাখলে কারে, হুকুম তোমার ফলবে কবে ?  
তোমার টানাটানি টিকবে না ভাই, রবার যেটা সেটাই রবে ॥  
যা খুশি তাই করতে পারো গায়ের জোরে রাখো মারো;  
যাঁর গায়ে সব ব্যথা বাজে তিনি যা সন সেটাই সবে ।  
অনেক তোমার টাকাকড়ি, অনেক দড়া অনেক দড়ি,  
অনেক অশ্ব অনেক করী — অনেক তোমার আছে ভবে ।  
ভাবছ হবে তুমিই যা চাও, জগৎটাকে তুমিই নাচাও,  
দেখবে হঠাৎ নয়ন খুলে হয় না যেটা সেটাও হবে ।

---

Parjaay: Swadesh, Taal: Dadra, Style: Baul Sur

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail